

নম্বর: ৩৮.০১.০০০০.০০০.২৭.০০১.১৯.১৬১

তারিখ: ৫ আষাঢ়, ১৪২৯

১৯ জুন ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সুব্রত দাস, প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-১৯৮, তুরাগ, ঢাকা সরকারি আদেশ অমান্য করে ১৬ই ডিসেম্বর, ২০২০ তারিখ বিজয় দিবসে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; করোনাকালীন সময় কর্মস্থলে উপস্থিত থাকার নির্দেশনা অমান্য করেন; কর্মস্থলে অনুপস্থিত থেকে শিক্ষার্থী এবং অভিভাবকদের সাথে যোগাযোগ রক্ষা করে 'ঘরে বসে শিখি' পাঠদান কার্যক্রম চলমান রাখার ব্যাপারে নির্দেশনা অমান্য করেন। স্কুলের দাপ্তরিক কার্যক্রমে অধিকাংশ সময় অনুপস্থিত থাকায় দাপ্তরিক কার্যক্রম ব্যহত হয়েছে এবং কন্টিজেন্সির অর্থ উত্তোলনে অন্যান্য বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সমস্যার সৃষ্টি হয়েছে। গত ১২/০৫/২০২০, ২০/০৮/২০২০, ১৩/১০/২০২০ ও ০৫/১২/২০২০ তারিখে বিদ্যালয়ে স্কুল ফিডিং কার্যক্রমের বিস্কুট বিতরণকালেও অনুপস্থিত ছিলেন; কর্মস্থলে অবস্থান না করেও কর্মস্থলে আছেন মর্মে উর্ধ্বতন কর্তৃপক্ষকে মিথ্যা তথ্য দিয়েছেন; ইতঃপূর্বেও একটি জাতীয় দিবসে অনুপস্থিত ছিলেন যার জন্য আপনাকে মৌখিকভাবে সতর্ক করা হয়েছিল; প্রধান শিক্ষক পদে নিয়োগের জন্য নূন্যতম বয়স ২৫ বছর থাকার বিধান থাকলেও আপনার আবেদন পত্র এবং এসএসসি সনদ অনুযায়ী প্রধান শিক্ষক পদে আবেদনকালে আপনার বয়স ২৫ বছরের স্থলে ২৪ বছর ২৮ দিন দেখা যায়।

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক মতামত দেন যে, কন্টিজেন্সির অর্থ উত্তোলনে অন্যান্য বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সমস্যা সৃষ্টির অভিযোগ ব্যতীত আপনার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানো নোটিশের জবাব, অভিযোগের গুরুত্ব, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে;

৫। সেহেতু, জনাব সুব্রত দাস, প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-১৯৮, তুরাগ, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক তার “বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত থাকবে” শীর্ষক লঘুদন্ড প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

...



১৯-৬-২০২২

মোঃ আবুল বশার

পরিচালক

ফোন: ৫৫০৭৪৮৮৪

ইমেইল: sktmopme@gmail.com

নম্বর: ৩৮.০১.০০০০.০০০.২৭.০০১.১৯.১৬১/১(৬)

তারিখ: ৫ আষাঢ়, ১৪২৯
১৯ জুন ২০২২

অনুলিপি:

- ১) সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক (গ্রেড-১) (অতিরিক্ত দায়িত্ব), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩) হিসাবরক্ষণ কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
- ৪) জনাব সুব্রত দাস, প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-১৯৮, তুরাগ, ঢাকা।
- ৫) কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করবেন)।
- ৬) অফিস/ব্যক্তিগত নথি।